দৈনিক জনকণ্ঠ

তারিখ ...
পৃষ্ঠা ...৮...

এইচএসসি পরীক্ষা ॥ নকল প্রতিরোধ করতে গিয়ে ১২ ম্যাজিস্ট্রেট লাঞ্ছিত, ২০ শিক্ষক প্রহৃত

শরিফুজ্জামান পিন্টু/ইলিয়াস খান

৮ হাজার ৭শ' পরীক্ষার্থী ও ১৫ শিক্ষক বহিষ্কৃত

দেশজুড়ে পাবলিক পরীক্ষা এইচএসসি প্রহসনে পরিণত হয়েছে। শনিবার ইংরেজী দ্বিতীয় পত্রের পরীক্ষায় দেশের অধিকাংশ স্থানে ব্যাপক সহিংস ঘটনা ঘটেছে। নকলের সুযোগ না পেয়ে উচ্ছৃঙ্খল ও নকলবাজ পরীক্ষার্থীরা বহিরাগতদের সহযোগিতায় বিভিন্ন স্থানে নারকীয় তাণ্ডব সৃষ্টি করেছে। নকল প্রতিরোধ করতে গিয়ে নারায়ণগঞ্জ, বগুড়া, চুয়াডাঙ্গা, নরসিংদী, খাগড়াছড়ি, রাঙ্গামাটিসহ বিভিন্ন স্থানে অন্তত ১২ ম্যাজিস্ট্রেট আহত, লাঞ্ছিত বা অবরুদ্ধ হয়েছেন। আহত শিক্ষকের সংখ্যা অন্তত কুড়ি জন। বহিষ্কৃত হয়েছেন ১৫ শিক্ষক। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে শেষ খবর পাওয়া পর্যন্ত সাতটি শিক্ষা বোর্ডে ৮ হাজার ৭শ' ৮৩ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

শনিবার এইচএসসি পরীক্ষায় সহিংসতা

(১১ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

এইচএসসি পরীক্ষা

(প্রথম পাতার পর)

অতীতের সকল রেকর্ড ভঙ্গ করেছে। ম্যাজিস্ট্রেট লাঞ্ছিত, শিক্ষক প্রহৃত, ভাংচুর, অবরোধ, অগ্নিসংযোগ, সংঘর্ষ, বোমাবাজি প্রভৃতি ঘটনার মধ্য দিয়ে ইংরেজী দ্বিতীয় পত্রের পরীক্ষা শেষ হয়। ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আবদুল হামিদ বলেছেন, আমাদের চেষ্টার ত্রুটি ছিল না। আমরা এখন অসহায়। সবাই আন্তরিক না হলে দেশ নকলের অভিশাপ থেকে মুক্ত হবে না বলে তিনি উল্লেখ করেন।

দৈনিক জনকণ্ঠের বিভিন্ন আঞ্চলিক অফিস, জেলা ও উপজেলা প্রতিনিধিবৃন্দ দেশের বিভিন্ন স্থান থেকে সহিংসতার খবর পাঠিয়েছেন। সাত বোর্ডের মধ্যে ঢাকা বোর্ড থেকে ১৮শ' ৮১, রাজশাহী বোর্ড থেকে ৩ হাজার ৫১, চট্টগ্রাম বোর্ড থেকে এক হাজার, বরিশাল বোর্ড থেকে ৪শ' ৬২, সিলেট বোর্ড থেকে ১শ' ৫১, যশোর থেকে ৭শ' ৫০ এবং কুমিল্লা থেকে ১৪শ' ৮৮ জনকে বহিষ্কার করা হয়েছে।

ম্যাজিস্ট্রেটকে হত্যার চেষ্টা ॥ নারায়ণগঞ্জের আড়াইহাজার রোকনউদ্দিন মোল্লা গার্লস কলেজ কেন্দ্রে কর্তব্যরত ম্যাজিস্ট্রেট কায়সুল ইসলামকে লাঠি দিয়ে মাথায় আঘাত করে হত্যার চেষ্টা করা হয়। পুলিশ বহিষ্কৃত পরীক্ষার্থী সরকারী সফর আলী কলেজের ছাত্র আখলাকুল হাসান আবীরকে হাতেনাতে গ্রেফতার করেছে। হত্যা চেষ্টার অভিযোগ এনে ম্যাজিস্ট্রেট তার বিরুদ্ধে আড়াইহাজার থানায় মামলা করেছেন। তবে পরীক্ষাকেন্দ্রে পরীক্ষার্থী আখলাকুল হাসান আবীর গজারী কাঠ নিয়ে কিভাবে প্রবেশ করল সে রহস্যের উন্মোচন হয়নি।

পরীক্ষার্থী গ্রেফতার ॥ ময়মনসিংহ মহিলা কলেজ ও নাসিরাবাদ কলেজ কেন্দ্রে ম্যাজিস্ট্রেটের সঙ্গে অসদাচরণের অভিযোগে দুই পরীক্ষার্থী গ্রেফতার হয়েছে। এরা হচ্ছে মিন্টু ও ইউসুফ।

অধ্যক্ষের বাসায় হামলা। গাইবান্ধার মহিলা কলেজের অধ্যক্ষ কামরুল আলমের বাসায় উচ্ছৃঙ্খল পরীক্ষার্থীরা হামলা চালিয়েছে। গোবিন্দগঞ্জ মহিলা কলেজ ও ডিগ্রী কলেজ কেন্দ্রে পরীক্ষার্থীরা নকলের সুযোগ না পেয়ে ব্যাপক ভাংচুর চালায় এবং সড়ক অবরোধ করে। এতে মহিলা কলেজের আট শিক্ষক আহত হন।

ম্যাজিস্ট্রেট ঘেরাও ॥ বগুড়ার সুখানপুকুরের সৈয়দ আহম্মেদ কলেজ কেন্দ্রের পরীক্ষার্থী ও বহিরাগতরা নকলের সুযোগ না পেয়ে পরীক্ষা শেষে কলেজে হামলা চালিয়ে ব্যাপক ভাংচুর করে। তারা কর্তব্যরত ম্যাজিস্ট্রেটকে অবরুদ্ধ করে রাখলে পুলিশ তাঁকে উদ্ধার করে। কাহালু উপজেলার মালঞ্চা কেন্দ্রেও পরীক্ষার্থীরা ভাংচুর চালায়।

চট্টগ্রাম থেকে স্টাফ রিপোর্টার জানান, এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে চট্টগ্রামের ৭টি কেন্দ্রে ব্যাপক গোলযোগ হয়েছে। উচ্ছৃঙ্খল পরীক্ষার্থী আর বহিরাগত সন্ত্রাসীরা হামলা চালিয়ে চার শিক্ষককে গুরুতর আহত করেছে। যেসব কেন্দ্রে ব্যাপক গোলযোগ হয়েছে সেগুলো হচ্ছে– হাটহাজারী কলেজ, লোহাগড়া বারো আউলিয়া কলেজ, বোয়ালখালী সিরাজুল ইসলাম কলেজ, নাসিরাবাদ গার্লস কলেজ, কেপিএম কলেজ, আনোয়ারা মোহসেন আউলিয়া ডিগ্রী কলেজ এবং মুসলিম হাই স্কুল। গুরুতর আহত শিক্ষকগণ হলেন জহুরুল আলম, শামসুল আলম, জাফর আহমেদ ও আবু নঈম। তাঁদেরকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আহমদ হোসেন জনকণ্ঠকে বলেন, নকলকারীদের সঙ্গে কোন আপোস নেই। যে কোন মূল্যে নকল প্রতিরোধ করা হবে। কোন কেন্দ্রের পরীক্ষার্থীরা গোলযোগ করলে সে কেন্দ্রের ফলাফল বাতিল করা হবে। অধ্যাপক আহমদ হোসেন জানান, দায়িত্ব পালন করতে গিয়ে যাঁরা আহত হয়েছেন তাঁদের ক্ষতিপূরণ প্রদান এবং সাহসিকতার জন্য পুরস্কৃত করা হবে।

নীলফামারী থেকে নিজস্ব সংবাদদাতা জানান, জেলার দুই কেন্দ্রে নকলবাজ ছাত্র, ছাত্রলীগ নেতা ও পুলিশের মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়েছে। সংঘর্ষে দুই পুলিশসহ বহু ব্যক্তি আহত হয়েছে। নীলফামারী সরকারী কলেজের অধ্যক্ষকে লাঞ্ছিত এবং তাঁর অফিস কক্ষ ভাংচুর করা হয়েছে।

ডিমলা মহিলা কলেজ কেন্দ্রে এক প্রভাষিকার পরনের কাপড় টেনে ছিঁড়ে ফেলা হয়েছে। জানা গেছে, ডিমলা ইসলামিয়া কলেজের মূল পরীক্ষা কেন্দ্রের ভেন্যু ডিমলা মহিলা কলেজ। ইসলামিয়া কলেজের গবর্নিং বডির সদস্য আবদুল জলিল কর্তৃক নকল সরবরাহকে কেন্দ্র করে সংঘর্ষ বাধে। এ সংঘর্ষে দুই পুলিশসহ ৭০ জন আহত হয়। এ সময় দু'জন গুলিবিদ্ধ হয়। এরা হচ্ছে ভেনু (১৮) ও মাজেদুল (২০)। পুলিশ ৯ জনকে গ্রেফতার করেছে। নীলফামারী সরকারী কলেজ পরীক্ষা কেন্দ্রে সংঘর্ষ হয় কলেজ ছাত্র সংসদের জিএস পারভেজকে পরীক্ষা কেন্দ্র থেকে বের করে দেয়ায়। পরীক্ষা শেষে বেলা দেড়টায় কলেজ প্রাঙ্গণে ব্যাপক ককটেল বিস্ফোরণ ঘটানো হয়। এক পর্যায়ে ২৫/৩০ জন পরীক্ষার্থী ও বহিরাগত কলেজের অধ্যক্ষের কক্ষে প্রবেশ করে অধ্যক্ষ মহাম্মদ মনছুর আলী শাহকে বেধড়ক মারপিট এবং কক্ষ ভাংচুর করে। পুলিশ এ সময় ছাত্র সংসদের ভিপি, জিএস, এজিএসসহ ১৩ জনকে গ্রেফতার করে এদের বিরুদ্ধে জননিরাপত্তা আইনে মামলা দায়ের করে জেল হাজতে পাঠায়।

বরিশাল থেকে স্টাফ রিপোর্টার জানান, ভোলার উত্তর জয়নগর হাই স্কুল উপকেন্দ্রে ফাতেমা খানম কলেজের ছাত্ররা নকল করতে না পেরে দুই পরিদর্শকের শরীর ইট দিয়ে থেঁতলে দেয়। প্রভাষক ইস্রাফিল ও সিরাজুল ইসলামকে ছাত্ররা সকাল সোয়া ১১টায় কেন্দ্রের ২ নং কক্ষে আক্রমণ করে। প্রভাষক ইস্রাফিলের মাথা ও হাত ইট দিয়ে থেতলে দেয়। সিরাজুল ইসলামের মাথা ফাটিয়ে দেয়। শিক্ষকদের রক্ষা করতে গিয়ে পুলিশ কনস্টেবল আজিজুল বারী গুরুতর আহত হন। ঐ কলেজের পরবর্তী পরীক্ষাগুলো দৌলতখান কেন্দ্রে অনুষ্ঠিত হবে। এসব ঘটনায় কোন মামলা হয়নি।

জয়পুরহাট থেকে নিজস্ব সংবাদদাতা জানান, মহীপুর হাজী মহসীন ডিগ্রী কলেজ...

করেছেন। পরীক্ষার্থীদের কাছ থেকে নকল কেড়ে ...
পরীক্ষাকেন্দ্রের ৮টি কক্ষ ও ৩টি গবেষণাগারে ভাংচুর ও অ...
লাগিয়ে দেয়া হয়। দেড় ঘণ্টা স্থায়ী এ তাণ্ডবলীলার সময়...
রাউন্ড টিয়ারগ্যাস ও ৪ রাউন্ড শটগানের গুলি ছোড়া ...
ছাত্র-পুলিশ সংঘর্ষে ৪ পুলিশ ও ২০ ছাত্র আহত হয়। নকল...
পরীক্ষার্থীরা উত্তরপত্র ছিঁড়ে ও পুড়িয়ে ফেলে। ফলে প...
বাতিল করা হয়।

শিক্ষকের ওপর হামলা ॥ ময়মনসিংহের ঈশ্বরগ...
আঠারবাড়ি পরীক্ষাকেন্দ্রে বহিষ্কৃত পরীক্ষার্থী কাঞ্চন প...
শেষে শিক্ষক যুগেন্দ্র চন্দ্র পালের ওপর হামলা চালায়।

শিক্ষক বহিষ্কার ॥ নকল সরবরাহের অভিযোগে পার্ব...
বালিকা বিদ্যালয় উপকেন্দ্র থেকে প্রভাষক ...
আসাদুজ্জামানকে বহিষ্কার করা হয়েছে। বিরা...
পরীক্ষাকেন্দ্রে হারুন ও মিজান নামে দুই বহিরাগতকে ...
করা হয়েছে।

পুলিশের সঙ্গে সংঘর্ষ ॥ চুয়াডাঙ্গার আলমডাঙ্গা ডিগ্রী ক...
পরীক্ষা শেষে ঘণ্টাব্যাপী পুলিশের সঙ্গে পরীক্ষার্থীদের ...
হয়। পরীক্ষার্থীরা ম্যাজিস্ট্রেটের গাড়ি ও কলেজের আসব...
ভাংচুর করে। আলমডাঙ্গা থানার ওসিসহ চার পুলিশ ...
হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ফাঁকা গুলিক...
টিয়ারগ্যাস শেল নিক্ষেপ করে।

পরীক্ষাকেন্দ্রে বোমাবাজি ॥ শরীয়তপুরে নকলের সুযে...
পেয়ে নড়িয়ার উপসী পরীক্ষাকেন্দ্রে বোমাবাজি ও ...
ভাংচুর হয়েছে। এছাড়া দশ ছাত্রী লাঞ্ছিত ও পাঁচজন ...
হয়। আহত ছাত্ররা হচ্ছে পাভেল, মনিরুজ্জামান, দুলাল ...
তারা উপসী কলেজের ছাত্র।

ম্যাজিস্ট্রেট অবরুদ্ধ, শিক্ষক বহিষ্কার ॥ নরসি...
মনোহরদী থানার কাটাবাড়ি আফাজউদ্দিন মহিলা ...
কেন্দ্রে ম্যাজিস্ট্রেটকে দু'ঘণ্টা অবরুদ্ধ রাখা হয়। এই ...
থেকে তিন শিক্ষককে বহিষ্কার এবং দুই বহিরাগতকে গ্রে...
করা হয়েছে।

পরীক্ষা বাতিল ॥ জয়পুরহাটের পাঁচবিবি উপজেলার ...
মহসীন সরকারী কলেজ কেন্দ্রে ব্যাপক দাঙ্গা-হাঙ্গামা, স...
অগ্নিসংযোগের ঘটনায় ঐ কেন্দ্রের ইংরেজী দ্বিতীয়পত্রের ...
বাতিলের সিদ্ধান্ত নেয়া হয়েছে। নকল সরবরাহকারী

গ্রেফতার ॥ বরিশালের গৌরনদী পাইলট স্কুল কেন্দ্রে ১৬...
সরবরাহকারীকে গ্রেফতার করা হয়েছে। এছাড়া বা...
কেন্দ্রে শিক্ষকের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করায় ...
আহমেদ ও রিয়াজ নামে দুই পরীক্ষার্থীকে গ্রেফতার ক...

ম্যাজিস্ট্রেট ও শিক্ষকের ওপর হামলা ॥ খাগড়...
পানছড়ি কলেজ কেন্দ্রে নকলের দাবিতে উচ্ছৃঙ্খল পরী...
এক ম্যাজিস্ট্রেট ও তিন শিক্ষকের ওপর হামলা চালা...
তাঁদের আহত করে। পানছড়ি কলেজের পরীক্ষা কেন্দ্র...
করে জেলা সদরের সরকারী কলেজে পরীক্ষা নেবার ...
নেয়া হয়েছে। পরীক্ষা শেষে একটি জীপে ফেরার পথে ...
সড়কের শান্তিপুর এলাকায় গাড়ির গতিরোধ করে ম্যা...
মোঃ শামসুজ্জামান, শিক্ষক আলমগীর হোসেন, নুরুল...
খান ও দিদারুল আলমকে সন্ত্রাসীরা মারধর করে। ...
বহনকারী গাড়িটিও ভাংচুর করা হয়। এসময় ড্রাইভার ...
হক গুরুতর আহত হয়েছে। নকলের সুযোগ না দেয়ায় ...
ওপর এই বর্বরোচিত হামলা হয়। এ ব্যাপারে পানছড়ি...
মামলা হয়েছে।

ভাংচুর ॥ নওগাঁর আত্রাই উপজেলার আহসান উল্লাহ...
উচ্চ বিদ্যালয় উপকেন্দ্রে পরীক্ষার্থীরা কেন্দ্রের আস...
ভাংচুর করে। রাজশাহী বোর্ডের চেয়ারম্যান নুরুল ...
নেতৃত্বে ভিজিল্যান্স টিম ঐ কেন্দ্রে ৩৬ পরীক্ষার্থীকে ...
করে।

পুলিশের লাঠিচার্জ ॥ নেত্রকোনার আবু আব্বাস, মদন...
সুলতান ও সরকারী মহিলা কলেজে উচ্ছৃঙ্খল পরী...
ব্যাপক ভাংচুর ও সড়ক অবরোধ করে। নকলের সু...
পেয়ে তারা এসব তাণ্ডব চালায়। পুলিশ লাঠিচা...
পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

দুই ম্যাজিস্ট্রেট লাঞ্ছিত ॥ নকলের অভিযোগে বহিষ্কা...
রাঙ্গামাটিতে দু'জন ম্যাজিস্ট্রেট লাঞ্ছিত এবং দু'টি পরী...
ভাংচুর হয়েছে। রাঙ্গামাটি সরকারী মহিলা কলেজে ...
সুযোগ না পেয়ে উচ্ছৃঙ্খল পরীক্ষার্থীরা ব্যাপক ভাংচু...
এবং মহসীন নামে একজন ম্যাজিস্ট্রেটকে আটক কর...
ইসহাস হাসান নামে আরেকজন ম্যাজিস্ট্রেট সহকর্মীকে...
করতে আসার পথে এসপি অফিসের সামনে নাজেহ...
সন্ত্রাসীরা তাঁর গাড়ি ভাংচুর করে উল্টিয়ে দেয়। ক...
কেপিএস স্কুল এ্যান্ড কলেজেও ব্যাপক ভাংচুর ...
ইউএনও'র গাড়ি ভাংচুর করা হয়। পুলিশ ফাঁকা ...
টিয়ারগ্যাস শেল নিক্ষেপ করে। চট্টগ্রাম বোর্ড ...
কেপিএস স্কুল এ্যান্ড কলেজ কেন্দ্র বাতিলের সিদ্ধান্ত ...

শিক্ষক লাঞ্ছিত ॥ কক্সবাজারের সাগরদ্বীপ মহেশখালী...
বিদ্যালয় কেন্দ্রে একজন পরীক্ষার্থীর কাছ থেকে নক...
নেয়ায় কক্সবাজার সিটি কলেজের শিক্ষক শাহা...
উচ্ছৃঙ্খল পরীক্ষার্থীরা মারধর করে।

শিক্ষক অপহরণের চেষ্টা ॥ কক্সবাজারের চকরিয়া...
উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে নকলে বাধা দেয়ায় পরী...
হোয়ানক কলেজের শিক্ষক খাইরুল্লাহকে অপহরণের ...
হয়। এ ব্যাপারে চকরিয়া থানায় জননিরাপত্তা আই...
হয়েছে।

শিক্ষক ও পুলিশকে প্রহার ॥ নোয়াখালীর হাতি...
কলেজে ১৬ পরীক্ষার্থীকে বহিষ্কারের খবরে বহিরাগত...
পরীক্ষা কেন্দ্রে ঢুকে দু'জন শিক্ষক মোকাররম ...
আকবর হোসেন এবং পুলিশ কনস্টেবল মোসলে...
বেধড়ক মারধর করে। সন্ত্রাসীরা আটটি উত্তরপ...
নেয়।

ছাত্রীর দেহ তল্লাশি ॥ নকলের সন্ধানে পটুয়াখালীর ...
পরীক্ষা কেন্দ্রে দুই ছাত্রীর দেহ তল্লাশি করায় পরী...
চরম উত্তেজনা সৃষ্টি হয়। পুলিশ পাহারায় পরিদর্শক ...
সদস্য কলাপাড়া ত্যাগ করেন।

ভাংচুর ও উত্তরপত্র ছিঁড়ে ফেলা ॥ ...
কেন্দ্রে নকলের সুযোগ দাবিতে ...